



## এইচএসসির ফল পুনঃনিরীক্ষণের আবেদন আজ থেকে

প্রকাশিত: ২০ - জুলাই, ২০১৮ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ এবারের এইচএসসি ফলে কারও কোন আপত্তি থাকলে আজ থেকে তারা ফল পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করতে পারবেন। টেলিটক থেকে আগামী ২৬ জুলাই পর্যন্ত এইচএসসি ও সমমানের ফল পুনঃনিরীক্ষার আবেদন করা যাবে। ফল পুনঃনিরীক্ষণের আবেদন করতে জব্ব্ব লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে বিষয় কোড লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসে ফি বাবদ কত টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে একটি পিন নম্বর (পার্সোনালে আইডেন্টিফিকেশন নম্বর-৮৩৫) দেয়া হবে।

আবেদনে সম্মত থাকলে জব্ব্ব লিখে স্পেস দিয়ে গুউঝ লিখে স্পেস দিয়ে পিন নম্বর লিখে স্পেস দিয়ে যোগাযোগের জন্য একটি মোবাইল নম্বর লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। প্রতিটি বিষয় ও প্রতি পত্রের জন্য দেড় শ' টাকা হারে চার্জ কাটা হবে। যেসব বিষয়ের দুটি পত্র (প্রথম ও দ্বিতীয়পত্র) রয়েছে যে সকল বিষয়ের ফল পুনঃনিরীক্ষার আবেদন করলে দুটি পত্রের জন্য মোট ৩০০ টাকা ফি কাটা হবে। একই এসএমএসে একাধিক বিষয়ের আবেদন করা যাবে, এক্ষেত্রে বিষয় কোড পর্যায়ক্রমে 'কমা' দিয়ে লিখতে হবে।

বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ ভর্তি পরীক্ষা ॥ বিশ্ববিদ্যালয়গুলোতে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নিতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ নির্দেশনা দিলেও কবে থেকে তা কার্যকর হবে সে বিষয়ে ধারণা দিতে পারেননি শিক্ষামন্ত্রী। এবার গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা হচ্ছে না জানিয়ে তিনি বলেন, তাদের (বিশ্ববিদ্যালয়ের উপাচার্য) নিয়ে বৈঠক করে আমরা প্রায় কাছাকাছি আসছিলাম, তারপরে একটা সময়ে এসে আমরা আর খুব একটা এগোতে পারব সেই আশা রাখি নাই। পরে মাহামান্য রাষ্ট্রপতি নিজেও বলেছেন, উদ্যোগও নেয়া হয়েছে, অনেক বৈঠক হয়েছে। ইউজিসি চেয়ারম্যানকে দায়িত্ব দেয়া হয়েছে, একটি কমিটি করা হয়েছে, কমিটি কাজ করছে।

গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষার দিকে না গিয়ে ইতোমধ্যে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার আলাদা আলাদা সম্ভাব্য তারিখ নির্ধারণ করেছে সরকারী বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের সংগঠন 'বিশ্ববিদ্যালয় পরিষদ'। ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নেয়া হবে- এমন আশা প্রকাশ করে নাহিদ বলেন, এ বছর হয়ত পারবেন না।